

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৬০৫

আগরতলা, ১২ অক্টোবর, ২০১৮

৩১ অক্টোবর গুজরাটে সর্দার বল্লভভাই প্যাটেলের
পূর্ণাবয়ব মূর্তির আবরণ উন্মোচন : শ্রীমতি দাভে

আগামী ৩১ অক্টোবর গুজরাটে নর্মদা নদীর তীরে ভারতের প্রথম স্বরাষ্ট্রমন্ত্রী ভারতরত্ন সর্দার বল্লভভাই প্যাটেলের পূর্ণাবয়ব মূর্তি ‘স্ট্যাচু অব ইউনিটি’-এর আবরণ উন্মোচন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সর্দার সরোবর ড্যামের কাছে বল্লভভাই প্যাটেলের ১৮২ মিটার উঁচু মূর্তি তৈরি করা হয়েছে, যা পৃথিবীর সবথেকে উঁচু মূর্তি। আজ বিকেলে রাজ্য অতিথিশালায় এক সাংবাদিক সম্মেলনে একথা জানান গুজরাটের শিক্ষা, মহিলা এবং শিশুকল্যাণ দপ্তরের মন্ত্রী বিভাবরীবেন দাভে। তিনি জানান, সর্দার প্যাটেলের মূর্তির উদ্বোধন উপলক্ষে নয় সদস্যের এক প্রতিনিধিদল রাজ্য সফরে এসেছেন। গুজরাট সরকারের পক্ষ থেকে তিনি রাজ্যপাল প্রফেসর কাপ্তান সিং সোলাঙ্কি এবং মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের সঙ্গে সাক্ষাৎ করেছেন এবং উদ্বোধনী অনুষ্ঠানে সামিল হতে ত্রিপুরাবাসীকে আমন্ত্রণ জানিয়েছেন। তিনি সাংবাদিকদের জানান, স্বাধীনতা লাভের পর ভারতের ছোট ছোট রাজ্যগুলিকে এক্যবদ্ধ করার কাজ করেছেন সর্দার প্যাটেল। এক্যবদ্ধ ভারত গঠন করার মহান কাজ নবীন প্রজন্মের কাছে পৌঁছে দিতে এবং তাঁর অবদান স্মরণ করতেই এই মূর্তি তৈরি করা হয়েছে। গুজরাটের তৎকালীন মুখ্যমন্ত্রী নরেন্দ্র মোদি এই মূর্তি তৈরির কাজের শিলান্যাস করেছিলেন। আগামী ৩১ অক্টোবর সর্দার প্যাটেলের জন্মদিনে নরেন্দ্র মোদি প্রধানমন্ত্রী রূপে এই মূর্তির আবরণ উন্মোচন করবেন। তথ্য দিয়ে তিনি জানান, মূর্তিটি ১৮২ মিটার উঁচু। মূর্তি তৈরিতে ৭০ হাজার টন সিমেন্ট, ১৮,৫০০ টন স্টিল ব্যবহার করা হয়েছে। নর্মদার তীরে ১৭ কিলোমিটার জায়গা জুড়ে তৈরি করা হবে ফুলের বাগান। তৈরি করা হবে মিউজিয়াম। তাতে সর্দার প্যাটেল বিষয়ে চার হাজার তথ্য ও ছবি থাকবে। ভারতের অন্যতম এই পর্যটন কেন্দ্রটি গড়ে তোলা হয়েছে প্রায় ১৯০০ বর্গকিলোমিটার এলাকা নিয়ে। পর্যটকদের সুবিধার জন্য রয়েছে ১০০ জন গাইড। তিনি বলেন, গুজরাটের প্রতিনিধিদল সব রাজ্যেই যাচ্ছেন এই অনুষ্ঠানে আমন্ত্রণ জানানোর জন্য। এই জায়গায় বিভিন্ন রাজ্যের অতিথি ভবন তৈরির সুবিধাও রয়েছে। সেখানে অতিথিভবন নির্মাণের জন্য মুখ্যমন্ত্রীর কাছে প্রস্তাব করা হয়েছে। শিক্ষা, মহিলা ও শিশু কল্যাণ মন্ত্রী বিভাবরীবেন দাভের নেতৃত্বে নয় সদস্যক প্রতিনিধিদলে একজন সাংসদ এবং ৮ জন বিধানসভা সদস্য রয়েছেন।
